নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা
নোয়াখালী
www.sports.noakhali.gov.bd

নম্বর: নো.জে.ক্রী.স./২০২৫-৮৭

তারিখ: ০৯ নভেম্বর ২০২৫ খ্রি.

## "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্দ্বারা সমবায়/সমাজসেবা/যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত জলমহাল বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত অর্থাৎ ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ও ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত ফরমে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা ক্রীড়া অফিস, নোয়াখালী ও নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালী হতে পাওয়া যাবে।

| নং | জলমহালের বিবরণ | বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত অর্থাৎ ০৩ (তিন) বছরের জন্য মোট ইজারা মূল্য (টাকা) | আবেদনপত্রের মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থার অধীন নোয়াখালী শহীদ ভুলু স্টেডিয়াম সংলগ্ন নোয়াখালী সদর উপজেলাধীন ১০৯ নং মাইজদী মৌজার বি.এস. ৩৩ নং খতিয়ানভুক্ত ২২৬১২ নং দাগের ২.৮১৩২ একর ভূমিতে অবস্থিত দিঘী (বদ্ধ জলমহাল) | =৬,০০,০০০/- (ছয় লক্ষ টাকা) | =৩,০০০/- (তিন হাজার টাকা) | প্রস্তাবিত মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |

### দরপত্র ক্যালেন্ডার:

| দরপত্র বিজ্ঞপ্তি | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার | ১২/১১/২০২৫-২৬/১১/২০২৫ (অফিস চলাকালীন) | ২৭/১১/২০২৫ সকাল ০৯.০০ টা-দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২৭/১১/২০২৫ বিকাল ০৪.০০ টা | উল্লিখিত তারিখ অনুযায়ী ১ম পর্যায়ে জলমহালের দাখিলকৃত দর অনুমোদিত না হলে ২য় ও পর্যায়ক্রমে ৩য় বার পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলমান থাকবে। |
| ২য় বার | ০৩/১২/২০২৫-১০/১২/২০২৫ (অফিস চলাকালীন) | ১১/১২/২০২৫ সকাল ০৯.০০ টা-দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১১/১২/২০২৫ বিকাল ০৪.০০ টা | |
| ৩য় বার | ১৭/১২/২০২৫-২৮/১২/২০২৫ (অফিস চলাকালীন) | ২৯/১২/২০২৫ সকাল ০৯.০০ টা-দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২৯/১২/২০২৫ বিকাল ০৪.০০ টা | |

| আবেদনপত্র প্রাপ্তির স্থান | আবেদনপত্র দাখিলের স্থান | দরপত্র খোলার স্থান |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী এর গোপনীয় শাখা/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী/জেলা ক্রীড়া অফিস, নোয়াখালী হতে সরাসরি আবেদনপত্র গ্রহণ | পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী এর গোপনীয় শাখা/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী'তে রক্ষিত দরপত্র বাক্সে সীলমোহরযুক্ত খামে (সকল কাগজপত্রসহ) আবেদনপত্র দাখিল | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী এর অফিস কক্ষ |

### ইজারা প্রদানের শর্তসমূহ

১. জলমহাল ইজারাগ্রহীতা সমিতি/সংগঠন বছরের যে কোনো সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা/বন্দোবস্ত প্রদান করা হয়েছে হিসেবে গণ্য করা হবে;

২. জলমহালটি কেবলমাত্র সমবায়/সমাজসেবা/যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অনুকূলে ইজারা প্রদান করা হবে। কোনো ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

৩. ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ, সময় ও স্থান হতে =৩,০০০/- (তিন হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে নির্ধারিত আবেদনপত্র/দরপত্র সংগ্রহ করা যাবে;

৪. আবেদনপত্র/দরপত্র পূরণ পরিচ্ছন্ন হতে হবে। কাটা-কাটি/ঘষা-মাজা/ত্রুটিপূর্ণ আবেদনপত্র/দরপত্র বাতিল বলে গণ্য হবে;

৫. আবেদনে উদ্ধৃত মূল্যের উপর ২০% হারে জামানত "নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদনের সাথে জমা দিতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে;

৬. প্রস্তাবিত মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট ইজারাগ্রহীতাকে পরিশোধ করতে হবে;

৭. ইজারা প্রদানের সিদ্ধান্ত হওয়ার পর প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালী'র নির্ধারিত ব্যাংক হিসাবে যথাসময়ে জমা প্রদান করতে হবে। ইজারাগ্রহীতা কর্তৃক বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে ইজারা মূল্যসহ ভ্যাট ও আয়করের অর্থ পরিশোধ সাপেক্ষে ইজারাগ্রহীতার সাথে চুক্তিপত্র সম্পাদনসহ ইজারাগ্রহীতাকে দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। একইভাবে পরবর্তী বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে ও জামানতসহ জমাকৃত ইজারা মূল্য নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালী'র অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। এক্ষেত্রে ক্রীড়া ইজারা সংক্রান্ত গঠিত উপ-কমিটি কর্তৃক গৃহীত যে কোনো সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;



৮. বাংলা ১৪৩৩ সনের যে তারিখে জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে, সে সনে তার পূর্বের সময়ের ইজারা মূল্য আনুপাতিকভাবে সমন্বয় করা হবে;

৯. এ ইজারার প্রকৃত মেয়াদকাল ৩০ চৈত্র, ১৪৩৫ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে। কোনো অবস্থাতেই এ মেয়াদ বৃদ্ধি করা হবে না;

১০. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে ইজারাদারের সকল অধিকার বিলুপ্ত হবে;

১১. ইজারা গ্রহীতা নিজ দায়িত্বে ও নিজ খরচে জলমহাল পরিষ্কার করবেন ও তা সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন;

১২. ইজারাগ্রহীতা কর্তৃক কোনো অবস্থাতেই জলমহাল সাব-লিজ প্রদান করা যাবে না। সাব-লিজ দেয়া হলে ইজারা বাতিলযোগ্য হবে এবং জামানতসহ ইজারা মূল্য বাজেয়াপ্ত করে পুনঃইজারা প্রদান করা হবে;

১৩. ইজারাকৃত জলমহালে কোনো রাক্ষুসে মাছ বা হিংস্র প্রাণি চাষ করা যাবে না;

১৪. জলমহালে বা তার পাড়ে কোনো প্রকার অবকাঠামো নির্মাণ, জলমহালের কোনো প্রকার ক্ষতি সাধন বা জলমহালের সীমানা সংকোচন করা যাবে না;

১৫. জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে; ভবিষ্যতে কোনো ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না;

১৬. সময়মতো নিজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা কোনো অনিয়ম পরিলক্ষিত হলে ইজারা বাতিলক্রমে জামানত বাজেয়াপ্তকরণসহ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে;

১৭. জলমহাল ইজারার ক্ষেত্রে প্রচলিত সকল বিধি-বিধান/আইন-কানুন ও ভবিষ্যতে প্রযোজ্য সকল নিয়ম-নীতি ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন;

১৮. ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে। অন্যথায় আবেদনপত্র/দরপত্র বাতিল বলে গণ্য হবে;

১৯. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র/দরপত্র আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

২০. ইজারা বিজ্ঞপ্তিতে কোনরূপ ভুল পরিলক্ষিত হলে তা কর্তৃপক্ষ যে কোনো সময় সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯.১১.২০২৫
মুহাম্মদ ইসমাঈল
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
আহবায়ক
দিঘী ইজারা সংক্রান্ত গঠিত উপ-কমিটি
নোয়াখালী
ফোন: ০২৩৩৪৪-৯১০০৫
ইমেইল: adcgnoakhali@mopa.gov.bd

নম্বর: নো.জে.ক্রী.স./২০১৫-৮৭/১(৩৮)

তারিখ: ০৯ নভেম্বর ২০২৫ খ্রি.

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক ও সভাপতি, নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালী
২. পুলিশ সুপার, নোয়াখালী
৩. প্রশাসক, পৌরসভা (সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪. জেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. জেলা সমবায় অফিসার, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯. সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী'র ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১১. জেলা ক্রীড়া অফিসার ও সদস্য সচিব, নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি জেলা ক্রীড়া অফিস ও নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থার নোটিশ বোর্ডে টাঙানো এবং ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. জনাব ............................................................................................................, সদস্য, দিঘী ইজারা সংক্রান্ত গঠিত উপ-কমিটি, নোয়াখালী
১৩. অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী
coop.noakhali.gov.bd

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৭৫০০.০০০.০০০.১৪.০০০২.১৮

উক্ত "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি" টি তাঁর উপজেলাধীন সকল কার্যকর মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রেরণ এবং ওয়েবপোর্টালে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে বলা হলো।

১৯-১১-২০২৫
মুরাদ আহাম্মদ
জেলা সমবায় কর্মকর্তা
০২৩৩৪৪-৯১৪৪২
dco.noakhali@coop.gov.bd

উপজেলা সমবায় অফিসার (সকল), নোয়াখালী।